

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩২২০

88/ তাফসীরুল কুরআন (ﷺ) পরিচ্ছেদঃ ৩৪. সূরা আল-আহ্যাব

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مُوسَى الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ، عَنْ نُعَيْمِ بْنِ عَبْدِ اللَّهِ الْمُجْمِرِ، أَنَّ مُحَمَّدَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدِ الأَنْصَارِيَّ، وَعَبْدَ اللَّهِ بْنَ زَيْدِ اللَّهِ عَبْدِ اللَّهِ الْمُجْمِرِ، أَنَّ مُحَمَّدَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ الأَنْصَارِيِّ، أَنَّهُ قَالَ أَتَانَا رَسُولُ اللَّهِ كَانَ أُرِيَ النِّذِاءَ بِالصَلَّارَةِ أَخْبَرَهُ عَنْ أَبِي مَسْعُودٍ الأَنْصَارِيِّ، أَنَّهُ قَالَ أَتَانَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَنَحْنُ فِي مَجْلِسِ سَعْدِ بْنِ عُبَادَةَ فَقَالَ لَهُ بَشِيرُ بْنُ سَعْدِ أَمْرَنَا اللَّهُ أَنْ نُصَلِّي عَلَيْكَ قَالَ فَسَكَتَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم حَتَّى أَنْ نُصَلِّي عَلَيْكَ فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ قَالَ فَسَكَتَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم حَتَّى مُحَمَّد وَعَلَى آلِ إِبْرَاهِيمَ وَبَارِكُ عَلَى مُحَمَّد وَعَلَى آلِ إِبْرَاهِيمَ فِي الْعَالَمِينَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ وَالسَّلاَمُ كُمَّا قَدْ عُلِّمَتُمْ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَأَبِي حَمَيْد وَكَعْب بْنِ عُجْرَةَ وَطَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ وَأَبِي سَعِيدٍ وَزَيْد بْنِ خَارِجَةَ وَيُقَالُ ابْنُ جُارِيَةَ وَبُرُيْدَةً . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَوَي صَدِي حَدَى .

বাংলা

৩২২০। আবূ মাসউদ আল-আনসারী (রাযিঃ) কর্তৃক বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট আসলেন। আমরা এ সময় সা'দ ইবনু উবাদাহর মাজলিসে হাযির ছিলাম। বাশীর ইবনু সা'দ (রাযিঃ) তাকে বললেন, আল্লাহ তা'আলা আপনার উপর দর্মদ পড়ার জন্য আমাদের নির্দেশ দিয়েছেন। আমরা কিভাবে আপনার উপর দর্মদ পড়ব? বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিচুপ রইলেন। এমনকি আমাদের মনে হল, আমরা যদি তাকে জিজ্ঞেস না করতাম।

তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা বল- "আল্লাহ্নমা সল্লি 'আলা মুহাম্মাদিও ওয়া 'আলা আ-লি মুহাম্মাদিন কামা সল্লাইতা 'আলা ইবরাহীম, ওয়া বারিক 'আলা মুহাম্মাদিও ওয়া আলা আ-লি মুহাম্মাদিন কামা বারাকতা 'আলা ইবরাহীমা ফিল আলামীন। ইন্নাকা হামীদুম মাজীদ।" আর সালাম তো সেভাবেই যেভাবে তোমাদেরকে শেখানো হয়েছে।



সহীহঃ সিফাতুস সালাত, সহীহ আবৃ দাউদ (৯০১), মুসলিম।

এ অনুচ্ছেদে আলী, আবূ হুমাইদ, কাব ইবনু উজরাহ, তালহা ইবনু উবাইদুল্লাহ, আবূ সাঈদ, যাইদ ইবনু খারিজাহ বা জারিয়াহ এবং বুরাইদাহ (রাযিঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবৃ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ।

English

Narrated Abu Mas'ud Al-Ansari:

"The Messenger of Allah (﴿) came to us while we were sitting in a gathering of Sa'd bin 'Ubadah. Bashir bin Sa'd said: 'Allah ordered us to say Salat upon you, so how do we say Salat upon you?'" The Messenger of Allah (﴿) was silent, until we thought that we had not even asked him. Then the Messenger of Allah (﴿) said: 'Say: O Allah! Send Salat upon Muhammad and upon Muhammad's family just as you have sent [upon Ibrahim and] upon Ibrahim's family. And bless Muhammad and Muhammad's family just as you have blessed [Ibrahim and] Ibrahim's family among the nations. Indeed you are praised, the glorious.' And the Salam is as you have learned.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবু মাসউদ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন